

B.A. 2nd Semester (General) Examination, 2019 (CBCS)

Subject : Bengali

Paper : L2/CC(L-2-1)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের পূর্ণবাক্যে উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'বেনারস থেকে বাই আসছে, কলকাতা থেকে খেমটা আসছে।'—'বাই' ও 'খেমটা' কী?
- (খ) জয়রাম মুখোপাধ্যায়ের জ্যেষ্ঠা পৌত্রীর নাম কী? তার বয়স কত?
- (গ) দ্বিতীয়বার বিক্রি করার জন্য আদরিণীকে কোথায় পাঠানো হয়?
- (ঘ) ঘোষমশাই তারিণীকে কত টাকা দিয়ে কী বলেছিলেন?
- (ঙ) টলতে টলতে রাতে বাড়ি ফেরার সময় তারিণী যে গান ধরেছিল, সেটি কী?
- (চ) কোন দিন তারিণী ময়ূরাক্ষীর পূজা করে থাকে এবং কার প্রসাদে তার অন্নবস্ত্রের অভাব হয় না?
- (ছ) আতর আলি ঘরামীর ছেলে, সে কীভাবে মা ও বোনদুটিকে প্রতিপালন করতো? তার বাড়ি কোথায় ছিল?
- (জ) 'সাবিত্রী ব্রত' বলতে কী বোঝো?
- (ঝ) প্রথম মৌরীফুল পাতানোর প্রস্তাব কে দিয়েছিল? কীভাবে তারা মৌরীফুল পাতালো?
- (ঞ) 'মাঝরাতে পুলিশ গাঁয়ে হানা দিল।'—কোন গাঁয়ে কেন হানা দিল?
- (ট) 'হারাণের নাতজামাই' গল্পে শেষ সংলাপ কার? সংলাপটি কী ছিল?
- (ঠ) 'হারাণের নাতজামাই' গল্পে কোন আঞ্চলিক উপভাষা স্থান পেয়েছে? সংশ্লিষ্ট গল্পটিতে এই উপভাষায় কথা বলেছে এমন দুটি চরিত্রের নাম লেখো।
- (ড) দারাসেকোর সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঢ) "সেদিন 'আউট-ডোর' সেরে বারান্দা থেকে নামছি",—'আউট-ডোর' কী?
- (ণ) ফকির শাহজাহানের বেগমের কী রোগ হয়েছিল?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'ব্রহ্মবাক্য বেদবাক্য'—উদ্ধৃত অংশটির বক্তা কে? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে লেখো। ১+৪=৫
- (খ) 'আর সান কেড়ো না মা, দম লাও দম লাও।'—বক্তা কে? কোন প্রসঙ্গে একথা বলা হয়েছে আলোচনা করো।

14218

১+৪=৫

Please Turn Over

- (গ) রামতনু মুখুয্যে মহকুমার কোর্টে কাদের কাদের পক্ষে সাক্ষ্য দিয়েছিলেন লেখো। এ প্রসঙ্গে তার চরিত্রের কোন দিক প্রকাশ পেয়েছে? ৪+১=৫
- (ঘ) 'তারপর বেধে যায় শাশুড়ি জামাইয়ে।'—শাশুড়ি-জামাইয়ের 'বেধে' যাওয়ার কাহিনিটি সংক্ষেপে লেখো। ৫
- (ঙ) 'এমন তামাশা কেউ কখনও করেনি পুলিশের সঙ্গে',—তামাশাটির বিবরণ দাও। ৫
- (চ) 'তাজমহল সম্বন্ধে আর মোহ নেই।'—কার কেন মোহ নেই আলোচনা করো। ১+৪=৫

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) নদী কীভাবে মানবজীবনের নিয়ামক শক্তিরূপে জীবনের পরিণতি এনে দিয়েছে—তা 'তারিণী মাঝি' গল্প অবলম্বনে আলোচনা করো। গল্পকারের অন্য যে কোনো দুটি গল্পের নাম লেখো। ৮+২=১০
- (খ) 'সংসারের অলক্ষ্মীস্বরূপা আগের পক্ষের বউ-এর নাম এ সংসারে আর কোনোদিন কেহ করে না।'—আগের পক্ষের বউটির নাম কী? সে কি সত্যিই 'অলক্ষ্মীস্বরূপা' ছিল—পাঠ্য গল্প অবলম্বনে যুক্তি দাও। ১+৯=১০
- (গ) 'মানুষের সমুদ্রের, ঝড়ের উত্তাল সমুদ্রের সঙ্গে লড়া যায় না।'—এই উক্তির মধ্য দিয়ে লেখকের শুভ গণশক্তির প্রতি আস্থা 'হারাণের নাতজামাই' গল্পে—কীভাবে প্রতিফলিত হয়েছে আলোচনা করো। ময়নার স্বামীর নাম কী? ৯+১=১০
- (ঘ) 'তাজমহল' গল্পের নামকরণের সার্থকতা আলোচনা করো। মূল তাজমহল কে নির্মাণ করেছিলেন? ৯+১=১০